

তারিখ: ১১/০৯/২০১৯ খ্রি.

**২০১৯ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে (www.nubd.info/honours) সম্পন্ন করতে হবে। আগ্রহী পরীক্ষার্থীকে আবেদন ফরম ডাউনলোড করার পর প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দান পূর্বক ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল।

**শর্তাবলী:**

**১। ফরম পূরণ ও জমা দেয়ার তারিখ:**

- (ক) প্রিন্টকপি নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ : ২১/০৯/১৯ - ২২/০৯/১৯ (সকাল ১০:০০ - ১২:০০ টা)  
 (খ) প্রিন্টআউট কপিতে পরীক্ষার্থীর নিজ স্বাক্ষর করার তারিখ : ৩০/০৯/২০১৯ খ্রি.

**২। প্রয়োজনীয় কাগজপত্র:**

- (ক) ফরমের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১বর্গপ ছবি দান দিয়ে লাগিয়ে অপর ১বর্গপ ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।  
 (খ) ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১বর্গপ সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**৩। অংশগ্রহণের যোগ্যতা:**

**নিয়মিত:** ২০১৬-১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা ২০১৯ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**অনিয়মিত:** যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু ২০১৭ ও ২০১৮ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে Promoted হয়নি, তারা ২০১৯ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।


**গ্রেডউন্নয়ন:** যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু তারা কোন একটি কোর্সে "F" গ্রেড পেয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে, তাদের অবশ্যই সেসকল কোর্সে গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০১৮ সালের ৩য় বর্ষ পরীক্ষায় যেসকল কোর্সে "C" বা "D" গ্রেড পেয়েছে, সেসকল কোর্সে ২০১৯ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**৪। ফি এর বিবরণ:**

বিষয়/বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়				কলেজ			সর্বমোট
		পরীক্ষার ফি (পূর্ণপত্র/অর্ধপত্র)	ব্যবঃ	ইনকোর্স	অন্তর্ভুক্তি	কেন্দ্র	ব্যবঃ	ব্যবস্থাপনা	
বাংলা/ইংরেজি/ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি /রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান	নিয়মিত	৮×২০০=১৬০০	--	১০০	--	৪৫০	--	৫০	২,২০০
	অনিয়মিত	৮×২০০=১৬০০	--	১০০	৩০০	৪৫০	--	৫০	২,৫০০
প্রাণিবিদ্যা/উদ্ভিদবিজ্ঞান/গণিত	নিয়মিত	৭×২০০=১৪০০	২০০	১০০	--	৪৫০	১২০	৫০	২,৩২০
	অনিয়মিত	৭×২০০=১৪০০	২০০	১০০	৩০০	৪৫০	১২০	৫০	২,৬২০
১ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে		১×২০০=২০০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,০০০
২ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে		২×২০০=৪০০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,২০০
৩ পত্র বিশিষ্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে		৩×২০০=৬০০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,৪০০

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)  
 অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
 রাঙ্গামাটি পার্বত্য জেলা



বিতরণ: ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।

২। বিভাগীয় প্রধান .....(সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।

৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।

৪। সংরক্ষণ নথি।